

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক)

আদেশ

নং এস.আর.ও নং-১২-আইন/ ২০০০/ ১৮১০/ শুল্ক।—

তারিখ :

১৯/০১/২০০০ ইং
০৬/১০/১৪০৬ বাং

The Customs Act, 1969 (IV of 1969) এর section 21 এর clause (a)-তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কলিকাতা ও ঢাকার মধ্যে চলাচলকারী যাত্রীবাহী বাস এবং উক্ত বাসের প্রয়োজনীয় যন্ত্রাংশ জ্বালানী ও অন্যান্য ব্যবহার্য দ্রব্য ভারত হইতে বাংলাদেশে, নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে, শুল্ক (আমদানী) কর পরিশোধ ব্যাতিরেকে আমদানির অনুমতি প্রদান করিল, যথাঃ—

শর্তসমূহ

- ১। উল্লিখিত যাত্রীবাহী বাস বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পাদিত Agreement for Regulation of Motor Vehicle Passenger Traffic-এর অধীন কলিকাতা ও ঢাকার মধ্যে চলাচলকারী হইতে হইবে;
- ২। উল্লিখিত যাত্রীবাহী বাস বাংলাদেশে আমদানির তারিখ হইতে ত্রিশ দিনের অধিক বাংলাদেশে অবস্থান করিতে পারিবে না এবং উক্ত মেয়াদ অতিক্রান্ত হওয়ার পূর্বে উহা ভারতে পুনঃরঞ্চানী করা হইবে মর্মে সংশ্লিষ্ট বাসের মালিক বা চালকের নিচয়তাসহ একটি বড় বাস আমদানীর সময়ে বেনাপোল কাস্টমস্‌ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে; এবং
- ৩। উল্লিখিত যাত্রীবাহী বাসের প্রয়োজনীয় যন্ত্রাংশ, জ্বালানী এবং অন্যান্য ব্যবহার্য দ্রব্য উক্ত বাস চলাচলের প্রয়োজনে একই সঙ্গে আমদানী করিতে হইবে এবং অব্যবহৃত যন্ত্রাংশ, জ্বালানী ও অন্যান্য ব্যবহার্য দ্রব্য উক্ত বাস পুনঃরঞ্চানীর সময় পুনঃরঞ্চানী করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ আলম)

প্রথম সচিব (শুল্ক)।